



# বর্ডার গার্ড বাংলাদেশের ষাটমিক প্রকাশনা বিজিবি বুলেটিন



● প্রথম বর্ষ

● ৬ষ্ঠ সংখ্যা

● আষাঢ়-শ্রাবণ ১৪২৭

● জুলাই ২০২০

## সূচিপত্র:

২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন (এপিএ) চুক্তি



গত ২৬ জুলাই ২০২০ তারিখে স্বরাষ্ট্রমন্ত্রী জনাব আসাদুজ্জামান খান, এমপি এর উপস্থিতিতে সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ এর মধ্যে ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন (এপিএ) চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়।

অপেক্ষাকৃত জটিল রোগীদের বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকায় এইচডিইউ বিভাগে চিকিৎসা সেবা প্রদান



কোভিড-১৯ এ আক্রান্ত বিজিবি সদস্যগণের মধ্য হতে অপেক্ষাকৃত জটিল রোগীদের বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকার রেডিওলজি বিল্ডিং এর এইচডিইউ বিভাগে চিকিৎসা প্রদান করা হয়। ২২ আগস্ট ২০২০ পর্যন্ত ২০৭ জন বিজিবি সদস্য কোভিড-১৯ এ আক্রান্ত হয়েছে। মোট সুস্থ ১৫১ জন, সুস্থতার হার প্রায় ৭৩%, মোট মৃত্যু ০৭ জন।

২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন (এপিএ) চুক্তি

অপেক্ষাকৃত জটিল রোগীদের বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকায় এইচডিইউ বিভাগে চিকিৎসা সেবা প্রদান

বন্যা দুর্গত এলাকার অসহায় জনসাধারণের মাঝে ত্রাণসামগ্রী বিতরণ

All Terrain Vehicle (ATV) বরাদ্দ

বিজিবি'র হেলিকপ্টার এমআই-১৭১ই এর নেভিগেশন অবতরণ এবং উড্ডয়ন

৯৫তম ব্যাচ রিট্রুটদের প্রশিক্ষণ পরিদর্শন

হাইস্পিড ইঞ্জিন বোট ড্রাইভিং ক্যাডার পরিচালনা

বিজিবি এয়ার উইং কর্তৃক Ground Power Unit (GPU) ক্যাডার

বিওপি পর্যায়ে ক্যাপসুল ট্রেনিং

ই মেইল :  
bgbbulletin@gmail.com

ওয়েব সাইট :  
www.bgb.gov.bd

## বন্যাদুর্গত এলাকার অসহায় জনসাধারণের মাঝে ত্রাণসামগ্রী বিতরণ



বিদ্যালয় ফাউন্ডেশনের পক্ষ হতে ২৬ জুলাই ২০২০ তারিখ লালমনিরহাট ব্যাটালিয়ন (১৫ বিজিবি) এর সার্বিক ব্যবস্থাপনায় লালমনিরহাট সদর উপজেলায় কুলাঘাট উচ্চ বিদ্যালয় মাঠে ধরলা নদীর তীরবর্তী বন্যাদুর্গত এলাকার অসহায় জনসাধারণের মাঝে ত্রাণসামগ্রী বিতরণ করেন সেক্টর কমান্ডার, বিজিবি রংপুর।

## All Terrain Vehicle (ATV) বরাদ্দ

স্মার্ট ডিজিটাল বর্ডার সার্ভেইল্যান্স এন্ড টেকনিক্যাল রেসপন্স সিস্টেমের আওতায় ক্রয়কৃত ৩৮টি All Terrain Vehicle (ATV) জুলাই ২০২০ মাসে বর্ডার গার্ড বাংলাদেশ এর বিভিন্ন ইউনিটে বরাদ্দ দেওয়া হয়েছে।



## বিজিবি'র হেলিকপ্টার এমআই-১৭১ই এর নেভিগেশন অবতরণ এবং উড্ডয়ন



সেক্টর সদর দপ্তর, রংপুর এর প্রশিক্ষণ মাঠে বর্ডার গার্ড বাংলাদেশ এর হেলিকপ্টার এমআই-১৭১ই এর নেভিগেশন অবতরণ এবং উড্ডয়ন অনুষ্ঠিত হয়।

## ৯৫তম ব্যাচ রিক্রুটদের প্রশিক্ষণ পরিদর্শন



গত ২৭ জুলাই ২০২০ তারিখে সিলেট ব্যাটালিয়ন (৪৮ বিজিবি) এর ব্যবস্থাপনায় পরিচালিত ৯৫তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণ ক্লাস পরিচালনা করেন অতিরিক্ত মহাপরিচালক, কমান্ড্যান্ট, বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড কলেজ।

গত ০৫ আগস্ট ২০২০ তারিখে সিলেট ব্যাটালিয়ন (৪৮ বিজিবি) এর ব্যবস্থাপনায় পরিচালিত ৯৫তম ব্যাচ রিক্রুট মৌলিক প্রশিক্ষণ ক্লাস পরিচালনা করেন পরিচালক (প্রশিক্ষণ)।



গত ২৭ জুলাই ২০২০ তারিখে কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) এর তত্ত্বাবধানে পরিচালিত ৯৫তম ব্যাচ রিক্রুটদের শরীরচর্চা ক্লাস পরিদর্শন করেন অতিরিক্ত পরিচালক (প্রশিক্ষণ)।

## হাইস্পিড ইঞ্জিন বোট ড্রাইভিং ক্যাডার পরিচালনা



নীলডুমুর ব্যাটালিয়ন (১৭ বিজিবি) এর সার্বিক ব্যবস্থাপনায় গত ১২ জুলাই ২০২০ তারিখ হতে ২০ জুলাই ২০২০ তারিখ পর্যন্ত হাইস্পিড ইঞ্জিন বোট ড্রাইভিং ক্যাডার পরিচালিত হয়। উক্ত ক্যাডারের প্রশিক্ষণ ওআইসি হিসেবে তাত্ত্বিক এবং ব্যবহারিক ক্লাস-এ জিপিএস, রাডার এবং সোনার সম্পর্কে ধারণা প্রদান করেন ব্যাটালিয়নের ভারপ্রাপ্ত উপ-অধিনায়ক লে. কমান্ডার এম মিলটন কবির, (জি), বিএনভিআর।

## বিজিবি এয়ার উইং কর্তৃক Ground Power Unit (GPU) ক্যাডার পরিচালনা

পুরাতন বিমান বন্দর, তেজগাঁও এ বিজিবি এয়ার উইং কর্তৃক **Ground Power Unit (GPU)** ক্যাডার এর ক্লাস পরিচালনা করা হচ্ছে।



## বিওপি পর্যায়ে ক্যাপসুল ট্রেনিং



পঞ্চগড় ব্যাটালিয়ন (১৮ বিজিবি) এর অধীনস্থ গিরাগাঁও বিওপি কর্তৃক করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব বজায় রেখে বিওপিতে কর্মরত সৈনিকদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিওপি পর্যায়ে ক্যাপসুল ট্রেনিং পরিচালিত হচ্ছে।